ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স-৯২২</u>

কুমারঘাট, ২৯ মে, ২০২৫

**আগামী ২ জুন ঊনকোটি জেলাভিত্তিক ভীস্মদেব স্মৃতি শিশু নাটক প্রতিযোগিতা**

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আগামী ২ জুন কৈলাসহরের ঊনকোটি কলাক্ষেত্রে অনুষ্ঠিত হবে ঊনকোটি জেলাভিত্তিক ভীস্মদেব স্মৃতি শিশু নাটক প্রতিযোগিতা। এই প্রতিযোগিতায় জেলার পাবিয়ছড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়, রামকৃষ্ণ শিক্ষা প্রতিষ্ঠান, শিশু নিকেতন হাই স্কুল, ভগিনি নিবেদিতা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, পিএম শ্রী রাধা কিশোর ইনসস্টিটিউট, শ্রীরামপুর সূর্যমণি মেমোরিয়াল দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা অংশ গ্রহণ করবে। এছাড়াও নির্ঘোষ লিঙ্কন ও রেনেসা নাট্য সংস্থার শিশু শিল্পীরাও জেলাভিত্তিক ভীষ্মদেব স্মৃতি শিশু নাটক প্রতিযোগিতায় অংশ নেবে।

প্রতিযোগিতার উদ্বোধন করবেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সহকারী সভাধিপতি সন্তোষধর, জেলাশাসক দিলীপ কুমার চাকমা, জিলা পরিষদের সদস্য বিমল কর ও শ্যামল দাস, কুমারঘাট পুর পরিষদের চেয়ারপার্সন বিশ্বজিৎ দাস, কৈলাসহর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন নীতিশ দে। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন কৈলাসহর মহকুমার মহকুমা শাসক প্রদীপ সরকার, জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার, সমাজসেবী অরুণ সাহা, পিন্টু ঘোষ ও প্রীতম ঘোষ। প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন কৈলাসহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলারানী দেবরায়।

*****